

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
 একটি বাড়ি একটি খামার প্রকল্প
 “প্রবাসী কল্যাণ ভবন”(১৩ তলা)
 ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/নিরীক্ষা/৪৯১/২০১২(অংশ-২)- ১০৮৯

তারিখঃ ১৫/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ‘একটি বাড়ি একটি খামার প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের বানিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক অডিটের জন্য নির্ধারিত তারিখ অনুযায়ী সকল ডকুমেন্টস নিয়ে উপস্থিত থাকা প্রসঙ্গে।

সূত্র - (ক) ৯৭৪/বাসঅ/সে-১/প্রশা/অডিট প্লান/২০১৮-১৯/১৯১৮ তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন ‘একটি বাড়ি একটি খামার’ শীর্ষক (৩য় সংশোধিত) প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের আর্থিক খরচের হিসাব বানিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক অডিটের জন্য উপজেলা/জেলা কার্যালয়ের সকল ডকুমেন্টস নিয়ে নিম্নে বর্ণিত তারিখ ও স্থানে উপজেলা সমন্বয়কারী/কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারীকে উপস্থিত থাকতে হবে। জেলা দপ্তরের বিল ভাউচার ও ডকুমেন্টস জেলা দপ্তরের বিআরডিবি হিসাবরক্ষক নিয়ে আসবেন। কোন ব্যয়ে অনিয়ম/আপত্তি উত্থাপিত হলে তা সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তার নামে হবে এবং আপত্তি সমূহ নিষ্পত্তির সকল দায় তার উপর বর্তাবে।

এমতাবস্থায়, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের উপজেলা ও জেলা পর্যায়ে হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে বরাদ্দের বিপরীতে যা ব্যয় করা হয়েছে তার বিল ভাউচারের অফিস কপি, বিল রেজিস্টার, ক্যাসবই, স্টক রেজিস্টার, উল্লিখিত অর্থবছর অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্বাক্ষরিত কোড ও খাতওয়ারী ব্যয় বিবরণী এবং হালনাগাদ ব্যাংক বিবরণী নিয়ে নিম্নে বর্ণিত তারিখ স্থান অনুযায়ী নির্ধারিত তারিখের পূর্বের দিন উপজেলার ক্ষেত্রে উপজেলা সমন্বয়কারী/কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারীকে এবং জেলার জন্য বিআরডিবি হিসাবরক্ষককে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্র.নং	উপস্থিত থাকার তারিখ	উপস্থিত থাকার স্থান	জেলার নাম (নিম্নোক্ত জেলার সকল উপজেলা)	মন্তব্য
১	২৯/০১/২০১৯	কুমিল্লা সদর প্রকল্প অফিস	ব্রাহ্মনবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, ফেণী	
২	০২/০২/২০১৯	নোয়াখালী সদর	নোয়াখালী, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, কক্সবাজার খাগড়াছড়ি, রাংগামাটি, বান্দরবন	
৩	০৫/০২/২০১৯	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার, হবিগঞ্জ	
৪	০৯/০২/২০১৯	সিলেট সদর	সিলেট, সুনামগঞ্জ	নির্ধারিত তারিখের পূর্বের দিন নির্দিষ্ট স্থানে উপস্থিত হয়ে প্রতিটি ক্যাসবুক,
৫	১১/০২/২০১৯	নরসিংদী সদর	মুন্সিগঞ্জ, ঢাকা, গাজিপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ	বিল রেজিস্টার, বিল ভাউচারের
৬	১৫/০২/২০১৯	ময়মনসিংহ সদর	জামালপুর, শেরপুর, ময়মনসিংহ নেত্রকোলা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ	ফটোকপি, জেলা অনুযায়ী সিরিয়েল
৭	১৮/০২/২০১৯	বগুড়া সদর	জয়পুরহাট, বগুড়া, চাপাইনবাবগঞ্জ, নওগাঁ রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ	

ক্র.নং	উপস্থিত থাকার তারিখ	উপস্থিত থাকার স্থান	জেলার নাম (নিম্নোক্ত জেলার সকল উপজেলা)	মন্তব্য
৮	২২/০২/২০১৯	রংপুর সদর	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা	করে রাখতে হবে।
৯	২৫/০২/২০১৯	কুষ্টিয়া সদর	পাবনা, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর, মাগুরা, নড়াইল, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা	
১০	২৮/০২/২০১৯	গোপালগঞ্জ, সদর	গোপালগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, রাজবাড়ি	
১১	০২/০৩/২০১৯	বরিশাল সদর	বরগুনা, পটুয়াখালী, ভোলা বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর	
১২	০৪/০৩/২০১৯	ফরিদপুর সদর	ফরিদপুর, মানিকগঞ্জ,	

প্রয়োজনে ০১৯৩৮-৮৭৯০০৭ ও ০১৯৩৮-৮৭৯০০৯ এই নম্বরে যোগাযোগ যেতে পারে।

২২.১.১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৯৩৫৯০৮৩

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... উপজেলা জেলা।

২। উপপরিচালক, বিআরডিবি/জেলা সমন্বয়কারী (নব যোগদানকৃত), এবাএখা (সকল) জেলা।

বিতরণ :

১। জেলা প্রশাসক (সকল) জেলা।

২। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক (সকল) জেলা।

৩। প্রোগ্রামার, এবাএখা, ঢাকা। তাকে উক্ত খানা এবাএখা'র ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ।

৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি উপজেলা জেলা।

৫। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প উপজেলা জেলা।